# *Solutions and understandings for the common scenarios*

১) মিটার প্রতিদিন সকাল ১১ টায় বন্ধ হয়ে যায় এবং বিকাল ৪ টায় চালু হয়ে যায়। কেনো?

উত্তরঃ 👉 মিটার এর "**Emergency**" এক্টিভ করা নাই। গ্রাহক কে "৯৯৯৯৯" চাপার পর "**Enter**" বাটন চেপে "**Emergency**" এক্টিভ করে নিতে হবে।

২) অনেক সময় গ্রাহকের দাবি অনুযায়ী মিটার এ টাকা আছে, তারপরও বাসায় বিদ্যুৎ নেই। কেনো?

উত্তরঃ 👉 প্রথমে গ্রাহকের মিটারে ০৩৭ দিয়ে অবশিষ্ট টাকার পরিমাণ দেখতে হবে বা জানতে হবে। যদি মিটার এর ব্যালেন্স ঋণাত্মক বা মাইনাস এ থাকে, তাহলে গ্রাহক মিটার এ সঠিক "রিচার্জ টোকেন" প্রেস করে টাকা মিটার এ ইনপুট দেয়নি। গ্রাহক কে সঠিক "রিচার্জ টোকেন" প্রেস করে মিটার এ টাকা ইনপুট দিতে বলুন।

[**Note:** অনেক সময় গ্রাহক ভাবে যে, শুধু MFS বা Vending station থেকে টাকা রির্চাজ করলেই মিটার এ টাকা ঢুকে গেছে। যদি মিটার অফলাইন এ থাকে তাহলে গ্রাহক কে রির্চাজ টোকেন প্রেস করেই মিটারে টাকা/ব্যালেন্স input করতে হবে। যদি মিটার অনলাইন এ থাকে, তাহলে টাকা/ব্যালেন্স মিটারে Automatically ঢুকে যাবে।]

৩) মিটারে ব্যালেন্স আথবা ইমারজেন্সি ব্যালেন্স আছে, তারপরও দিনে বা রাতে যেকোনো সময় বিদ্যুৎ চলে যায় এবং কিছুক্ষণ বা কিছু নির্দিষ্ট সময় পর **automatic** বিদ্যুৎ চলে আসে। এর কারন ও সমধান কি?

[Note: স্বাভাবিক **Load shedding** এর বাইরের পরিস্থিতি।]

উত্তরঃ

কারনঃ 👉 ব্যালেন্স আথবা ইমারজেন্সি ব্যালেন্স থাকার পরেও যদি দিনের যেকোনো সময় বিদ্যুৎ চলে যায় এবং কিছুক্ষণ বা কিছু নির্দিষ্ট সময় পর বিদ্যুৎ চলে আসে, তাহলে যেই সময় বিদ্যুৎ চলে যায় তখন মিটারে ০৫২ দিয়ে ভোল্টেজ চেক করতে হবে। ভোল্টেজ যদি ২৬০ এর উপর বা ১৮০ এর নিচে থাকে তাহলে মিটার এর **safety mechanism** এর কারনে মিটারের "**Relay virtually disconnect**" হয়ে যাবে।

সমাধানঃ উক্ত পরিস্থিতি তে মিটার টি বা মিটার গুলি যেই ট্রান্সফরমের আওতাধিন আছে, সেই ট্রান্সফরমের Phase বা Neutral এর লুজ কানেকশন ঠিক করতে হবে। ভোল্টেজ স্বাভাবিক হলেই মিটার এর **Relay Automatically connect** হয়ে যাবে।

৪) সঠিক ভাবে মিটারে টাকা রির্চাজ করার পরেও বিদ্যুৎ আসে নি। এর সমাধান কি?

উত্তরঃ 👉 প্রথমে গ্রাহকের মিটারে ০৩৭ দিয়ে অবশিষ্ট টাকার পরিমাণ দেখতে হবে বা জানতে হবে। অনেক সময় মিটারে ইনপুট কৃত নেট রির্চাজ এর পরিমান ব্যবহৃত ইমারজেন্সি ব্যালেন্স এর চেয়ে কম হয়। সে ক্ষেত্রে ব্যবহৃত সম্পূর্ণ ইমারজেন্সি ব্যালেন্স শোধ না হওয়াতে অর্থাৎ মিটার এর ব্যালেন্স পসিটিভে না যাওয়া মিটার এর **Relay connect** হবে না এবং গ্রাহক বিদ্যুৎ ব্যবহার করতে পারবে না। অতএব গ্রাহক কে পুনরায় রিচার্জ করে মিটার এর ব্যালেন্স পসিটিভ করতে হবে এবং কেবল মাত্র তখনই গ্রাহক বিদ্যুৎ ব্যবহার করতে পারবেন।

৫) মিটার এর বাটন কাজ করছে না। কেনো?

উত্তরঃ 👉 মিটারের **Source line** থেকে **Power** আছে কিনা সেটা check করুন। যদি মিটার এ source line থেকে কোনো পাওয়ার না থাকে, তাহলে কোনো বাটন কাজ করবে না।

৬) রির্চাজ টোকেন মিটারে ঢুকছে না। কেনো?

উওরঃ 👉 রির্চাজ টোকেন সঠিক মিটারে প্রেস হচ্ছে কিনা তা চেক করতে হবে। অনেক সময় গ্রাহক তার মিটার চিনেন না। সে ক্ষেত্রে গ্রাহক কোন মিটারে টোকেন ইনপুট করছে সেটা জানতে হবে এবং গ্রাহক যদি ভুল মিটারে টোকেন প্রেস করে তাহলে তাকে সঠিক মিটার নাম্বার টি বলে দিতে হবে।

৭) অনেক সময় গ্রাহক বলে যে আমার বাসায় ৫-৬ টি মিটার আছে। কোন মিটার কোন ফ্লাট এর সেটার আমি কিভাবে বুঝব?

উওরঃ 👉 এই ক্ষেত্রে আমরা মিটার এর Relay টেস্ট এর মাধ্যমে বলতে পারব কোন মিটার টি কোন ফ্লাটের। এ জন্য মিটার এ ৮৬৮ প্রেস করতে হবে। ৮৬৮ প্রেস করা পর মিটার এর Relay টি প্রথমে ৫ সেকেন্ড এর জন্য Open হয়ে যাবে এবং ৫ সেকেন্ড পর অটো close হয়ে যাবে। মিটারের Relay যখন Open হয়ে যাবে, তখন এই মিটার টি যেই ফ্লাটের, সেই ফ্লাটে বিদ্যুৎ ৫ সেকেন্ডের জন্যে বন্ধ হয়ে যাবে। এ ভাবে বলা যাবে কোন মিটার টি কোন ফ্লাটের।

[**Note:** মিটারের Relay যখন Open বা close হবে, সেটা মিটারের Display তেও লেখা দেখাবে।]

৮) মিটার ভাড়া কত দিন পর্যন্ত কাটবে?

উওরঃ 👉 যেহেতু স্মার্ট প্রিপেইড মিটারটি **NESCO** গ্রাহককে বিনামূল্যে প্রদান করছে এবং গ্রাহকের বাসায় মিটার লাগানো অবস্থায় কোন প্রাকৃতিক কারণে বা অন্য কোনো কারণে নষ্ট হয়ে যায় তখন **NESCO** গ্রাহককে পুরাতন নষ্ট মিটারের পরিবর্তে আর একটি নতুন স্মার্ট প্রিপেইড মিটার অবিলম্বে বিনামূল্যে সরবারহ করবে, সেহেতু মিটার ভাড়া চলতেই থাকবে। এছাড়াও বাংলাদেশে প্রিপেইড মিটারের মিটার ভাড়া বা অন্যন বিষয় নিয়ন্ত্রন করে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন **(BERC)**, সেহেতু বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত মিটার ভাড়া আপাতত চলতে থাকবে।

৯) মিটারে টাকা আছে, ভোল্টেজ নরমাল থাকা সত্ত্বেও বিদ্যুৎ নেই কেনো?

উত্তরঃ 👉 এমন অবস্থায় প্রথমে ৮৬৮ প্রেস করতে হবে অর্থাৎ মিটারের Relay টেস্ট করতে হবে। ৮৬৮ প্রেস করার পর যদি মিটারে প্রথমে open এবং পরে close আসে তাহলে মিটারে সবকিছু ঠিক আছে, গ্রাহকে তার লোড সাইড চেক করতে হবে অর্থাৎ গ্রাহকে কে তার বাসার সার্কিট ব্রেকার/কাটআউট/ওয়ারিং চেক করতে হবে। মিটারে কোনো সমস্যা নেই।

১০) কিছু প্রয়োজনীয় Short Code List নিচে প্রদান করা হল।

উত্তরঃ 👉

Code:

**008**= মিটার স্ট্যাটাস ইন্ডিকেশন

| SL No. | Event Code | Event |
|---|---|---|
| 1 | 0000 0000 | কোনো ইভেন্ট হয়নি |
| 2 | 0000 4000 | মিটার এর ব্যালান্সে শেষ |
| 3 | 0000 0400 | টার্মিনাল কাভার খোলা(Temper) |
| 4 | 0040 0000 | Over Voltage |
| 5 | 0020 0000 | Under Voltage |
| 6 | 0008 0000 | Over Current/Over Power |
| 7 | 0010 0000 | Frequency abnormal |
| 8 | 0200 0000 | Neutral Fault (Neutral drop) |
| 9 | 2000 0000 | Voltage Phase Drop |
| 10 | 4000 0000 | Current Phase Drop |
| 11 | 8000 0000 | Not Running Status |

👉 8000 0000 প্রদর্শন করলে মিটার টি Running করা হয় নি। ৮৬৫ প্রেস করে মিটার টি Running করে দিতে হবে।

**019**= Curerent Electricity tariff rate

**037**= বর্তমান ব্যালেন্স

**039**= ব্যবহৃত ইমারজেন্সি ব্যালেন্সের পরিমান

**052**= L1 ভোল্টেজে

**053**= L2 ভোল্টেজে (Three Phase only)

**054**= L3 ভোল্টেজে (Three Phase only)

**055**= L1 কারেন্ট

**056=** L2 কারেন্ট (Three Phase only)

**057=** L3 কারেন্ট (Three Phase only)

**060=** Total active power

**200=** সর্বশেষ ক্রয়কৃত বিদ্যুৎ এর পরিমান

**400=** বর্তমান মাসে ব্যবহৃত বিদ্যুৎ এর পরিমান (kWh)

**401=** গত মাসে ব্যবহৃত বিদ্যুৎ এর পরিমান (kWh)

**413=** বর্তমান মাসে ব্যবহৃত টাকার পরিমান (TK)

**414=** গত মাসে ব্যবহৃত টাকার পরিমান (TK)

**470=** Maxium Demand (kW)

**800=** Cumulative total energy consumption, unit: kWh